| বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন | Barak Upatyaka Banga Sahitya O Sanskriti Sammelan |
|---|---|
| দূর শিক্ষাকেন্দ্র | Distance Education Centre |
| **দ্বিতীয় ষান্মাসিক-২০২২ ::: তৃতীয় পত্র: প্রকল্প** | **2nd Semester, 2022 :: Paper III: Project** |
| পূর্ণ মান: ২৫ | Full Marks: 25 |
| (প্রকল্প: ২০ + গ্রন্থাগারের কাজ: ৫) | ( Project: 20 + Library Works: 5 ) |
| প্রকল্প **৩০ নভেম্বর ২০২২** -এর মধ্যে জমা দিতে হবে। | Project to be submitted on or before **30 Nov., 2022.** |

## প্রকল্প

**নিম্নে প্রদত্ত ৫ টি ঐচ্ছিক বিষয় থেকে শুধুমাত্র একটি বিষয়ে প্রকল্প গ্রহণ করতে হবে।**

(১) কবিতা, (২) ছোট গল্প, (৩) প্রবন্ধ, (৪) স্ক্রিপ্ট (রেডিও স্ক্রিপ্ট *বা* টিভি স্ক্রিপ্ট) এবং (৫) পাঠ পরিকল্পনা।

✳ প্রকল্পের প্রতিটি বিষয়ে **গ্রন্থাগারের কাজ** বাধ্যতামূলক ✳

### (১) বিষয়: **কবিতা** (মান: ৫ + ১৫ = ২০)

১। (ক) প্রকাশ মাধ্যম হিসেবে কবিতার গুরুত্ব নিয়ে অতি সংক্ষেপে আপনার মতামতের সঙ্গে লিখুন *'আমি কেন কবিতা লিখি'*। (শব্দ সীমা ২০০)

(খ) আপনার স্বরচিত ২ টি নাতিদীর্ঘ কবিতা লিখে দিন।

### (২) বিষয়: **ছোটগল্প** (মান: ৫ + ১৫ = ২০)

২। (ক) আপনার পড়া লেখকের নাম সহ ১০টি গল্পের নামের একটি তালিকা তৈরি করুন, এবং এর মধ্যে যে কোনও একটি গল্প সম্বন্ধে আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা ১৫০)

(খ) আপনার স্বরচিত ১ টি ছোটগল্প লিখে দিন। (শব্দ সীমা ৭০০)

### (৩) বিষয়: **প্রবন্ধ** (মান: ৫ + ১৫ = ২০)

৩। (ক) কোন দৈনিক সংবাদপত্র বা সাময়িক পত্রিকা বা সংকলন গ্রন্থ থেকে ১০ টি প্রবন্ধের লেখক সহ নামের তালিকা তৈরি করুন এবং এর মধ্যে যে কোন একটির উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা ১৫০)

(খ) আপনার নিজের লেখা ১ টি প্রবন্ধ দিন। (শব্দ সীমা ৭০০)

### (৪) বিষয়: **স্ক্রিপ্ট লিখন** (মান: ৫ + ১৫ = ২০)

**যেকোন একটি বিষয়:** রেডিও স্ক্রিপ্ট *বা* টিভি স্ক্রিপ্ট

রেডিওর স্ক্রিপ্ট

৪। (ক) আপনার শোনা (আকাশবাণী প্রচারিত/ সংগৃহীত বা মুদ্রিত) ১০ টি কথিকার (Radio Talk) একটি তালিকা তৈরি করুন (কথক/লেখকের নাম সহ) এবং এর যে কোনও একটির উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা ১৫০)

(খ) রেডিওতে পাঁচ মিনিট সময় সীমায় প্রচারের উপযোগী আপনার স্বরচিত ১ টি কথিকা লিখে দিন (বিষয়টি আপনিই নির্বাচন করবেন)। (শব্দ সীমা ৭০০)

**অথবা**

টেলিভিশনের স্ক্রিপ্ট

৪। (ক) আপনার দেখা (কিংবা সংগৃহীত /মুদ্রিত) ১০ টি টেলিভিশন অনুষ্ঠানের (টিভি ম্যাগাজিন/ টক-শো / বিজ্ঞাপন শট) একটি তালিকা তৈরি করুন এবং এর যে কোনও একটির উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা ২০০)

(খ) টিভিতে তিন/ চার মিনিট সময় সীমায় প্রচারের উপযোগী Script-এর ফর্ম্যাটে আপনার নিজস্ব পছন্দের ১ টি শ্যুটিং স্ক্রিপ্ট লিখে দিন। এতে শট ডিভিশন, Audio, Video আলাদা করে দেখাতে হবে, সঙ্গে থাকবে শব্দ-ধ্বনি-আলো আবহসংগীত এবং সংগীত প্রয়োগের দিকও। (শব্দ সীমা নেই)

### (৫) বিষয়: **পাঠ পরিকল্পনা** (মান: ৫ + ১৫ = ২০)

ক্লাসে পড়ানোর উপযোগী পাঠ পরিকল্পনা (Lesson plan)

৫। (ক) প্রাথমিক / মাধ্যমিক / উচ্চমাধ্যমিক স্তরের বাংলা / বিজ্ঞান / সমাজ বিজ্ঞান / ইতিহাস / রাষ্ট্রবিজ্ঞান / অর্থনীতি / শিক্ষা/ দর্শনের যে কোন একটি পাঠ্যবইয়ের ১০ টি পাঠ্যসূচির একটি তালিকা তৈরি করুন এবং এর যে কোনও একটির সঙ্গে প্রদত্ত অনুশীলনীর উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা ২০০)

(খ) আপনার পছন্দ মতো যে কোনও একটি পাঠ (lesson)-এর উপর ভিত্তি করে ক্লাসে পড়ানোর উপযোগী একটি পাঠ-পরিকল্পনা (Lesson Plan )তৈরি করুন। (শব্দ সীমা নেই)

# প্রয়োজনীয় নির্দেশিকা

- **গ্রন্থাগারের কাজ (Library Works):** (মান: ৫)
  গ্রন্থাগারের কাজের জন্য প্রশিক্ষণার্থীদের নিজ নিজ শহর, গ্রাম, জেলায় স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা সরকারি/বেসরকারি গ্রন্থাগারের সাহায্য গ্রহণ করতে পারেন এবং প্রকল্পের জন্য কী কী পত্রপত্রিকা বা বইয়ের সাহায্য নিয়েছেন এর একটি সূত্রনির্দেশ/তালিকা তৈরী করে প্রকল্পটির সঙ্গে জমা দিতে হবে। যে গ্রন্থাগারে গেছেন সেখানের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্রও প্রকল্পটির সঙ্গে জমা দেওয়া আবশ্যক।
  তবে, স্থানীয় প্রশিক্ষণার্থীদের শিলচর বঙ্গভবন গ্রন্থাগারের সদস্যপদ গ্রহণ করে নিজস্ব প্রকল্প বিষয়ক গ্রন্থাদির একটি সূত্রনির্দেশ/তালিকা প্রস্তুত করে বঙ্গভবনের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্র প্রকল্পের সঙ্গে জমা দিতে হবে।
- প্রকল্পটি একান্তই আপনার নিজস্ব হতে হবে। এ জন্য একজন উপযুক্ত পর্যবেক্ষকের সহায়তা নেবেন। পর্যবেক্ষক কোন উচ্চতর মাধ্যমিক স্কুল, ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয়ের অথবা দূর শিক্ষাকেন্দ্রের শিক্ষক/শিক্ষিকা হতে পারেন- প্রকল্পটি যে আপনার নিজস্ব রচনা এ মর্মে এ পর্যবেক্ষকের একটা সই করিয়ে নিতে হবে।
- প্রকল্পটি A-4 সাইজ কাগজে হাতে লিখে বা টাইপ করিয়ে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী প্রকল্পটি যথাসময়ে জমা দিতে হবে।

## প্রকল্প পুস্তিকার নমুনা

প্রচ্ছদ পৃষ্ঠায় থাকবে—

| | |
|---|---|
| (১) | বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন, শিলচর<br>দূর-শিক্ষাকেন্দ্র<br>বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম |
| (২) | প্রকল্পের শিরোনাম |
| (৩) | নাম:<br>রোল নম্বর: |
| (৪) | পরীক্ষার্থীর সই এবং তারিখ |
| (৫) | প্রকল্প পর্যবেক্ষকের নাম:<br>ঠিকানা: |
| (৬) | ~: ঘোষণাপত্র :~<br>বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন, দূর-শিক্ষাকেন্দ্র পরিচালিত এক বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের দ্বিতীয় ষাণ্মাসিক পরীক্ষার সঙ্গে সংযুক্ত এ প্রকল্পটি আমি আমার প্রকল্প পর্যবেক্ষক শ্রী/শ্রীমতী/ড০ _____________এর পরামর্শে নিজে করেছি। এতে কোন লেখকের রচনা থেকে (উদ্ধৃতি বা প্রাসঙ্গিক সূত্র ছাড়া) কিছুই গ্রহণ করিনি।<br>পরীক্ষার্থীর সই / তারিখ     প্রকল্প পর্যবেক্ষকের সই/তারিখ |
| (৭) | **গ্রন্থাগার**<br>গ্রন্থাগারের নাম:<br>ঠিকানা: |

**বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন**
দূর শিক্ষাকেন্দ্র
**দ্বিতীয় ষান্মাসিক-২০২২ ::: চতুর্থ পত্র: অ্যাসাইনমেন্ট**
পূর্ণ মান: ২০
অ্যাসাইনমেন্ট **৩০ নভেম্বর ২০২২** -এর মধ্যে জমা দিতে হবে।

**Barak Upatyaka Banga Sahitya O Sanskriti Sammelan**
Distance Education Centre
**2nd Semester, 2022 ::: Paper IV: Assignment**
Total Marks: 20
Assignment to be submitted on or before **30 Nov., 2022.**

**অ্যাসাইনমেন্ট**

১। যে কোন **দুইটি** প্রশ্নের উত্তর করুন (শব্দ সীমা ১০০): ২ x ২ = ৪

(ক) বঙ্গভাষা কবিতাটি কে লিখেছেন? এর সংক্ষিপ্ত সারাংশ লিখুন।

(খ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় বর্ণিত কাণ্ডারী কে? কবিতাটি কোন সময় রচিত হয়েছিল?

(গ) 'বিপদে মোরে রক্ষা করো' কবিতাটি পাঠ করলে ঈশ্বরের প্রতি কবির মনোভাব কী মনে হয়?

২। যে কোন **দুইটি** প্রশ্নের উত্তর করুন (শব্দ সীমা ৩০): ২ x ২ = ৪

(ক) 'পাদটীকা' শব্দের অর্থ কী? গল্পটির মুখ্য চরিত্র কে? তিনি কী পাঠদান করতেন?

(খ) প্রসন্নমাস্টার ছাত্রদের পড়ানোর ফাঁকে ফাঁকে কী কাজ করতেন?

(গ) নিমগাছ দেখে কবিরাজের মনে কী ভাবনা জাগে?

৩। প্রশ্নগুলোর **সংক্ষিপ্ত** উত্তর দিন: ১ x ৩ = ৩

(ক) কেকাধ্বনি, দাদুরি শব্দের অর্থ কী?

(খ) কালিদাস, বিদ্যাপতি, জয়দেব কে?

(গ) 'সেন্সাস' বলতে কী বোঝায়?

৪। যে কোন **দুইটি** প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ১০০): ৩ x ২ = ৬

(ক) শিশু-কিশোর সাহিত্য কী? এর প্রয়োজনীয়তাই বা কী? সুজিৎ চৌধুরীর বাল্যকালে শিশু কিশোরদের জন্য লেখা দুইটি বই সম্বন্ধে লিখুন।

(খ) অনূদিত সাহিত্যের প্রয়োজনীয়তা কতটুকু লিখুন।

(গ) উত্তর পূর্ব ভারত বলতে কী বোঝায়? এ অঞ্চলে কয়েকটি সমৃদ্ধ ভাষার নাম লিখুন এবং এর যে কোন একটি ভাষার সাহিত্য সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

৫। **একটি** প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ১০০): ৩ x ১ = ৩

(ক) নাটক বলতে কী বোঝায়? নাটকের তিনটি প্রয়োজনীয় উপাদান কী?

(খ) আপনার প্রিয় একটি বই সম্বন্ধে সংক্ষিপ্ত ভাবে কিছু লিখুন।

:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:=:

**প্রয়োজনীয় নির্দেশিকা**

- প্রশ্নগুলোর উত্তরের জন্য প্রাথমিক ভাবে দূর-শিক্ষাকেন্দ্র প্রদত্ত বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের পাঠ্যবইয়ের উপর নির্ভর করুন। তবে পরীক্ষার্থীরা ভিন্নতর সূত্র এবং নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতেও উত্তর লিখতে পারেন।
- অ্যাসাইনমেন্টটি A-4 সাইজ কাগজে হাতে লিখে বা টাইপ করিয়ে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী অ্যাসাইনমেন্টটি যথাসময়ে জমা দিতে হবে।

**অ্যাসাইনমেন্ট পুস্তিকার নমুনা**

প্রচ্ছদ পৃষ্ঠায় থাকবে—

| |
|---|
| বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন, শিলচর<br>দূর-শিক্ষাকেন্দ্র<br>বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম<br><br>চতুর্থ পত্র: অ্যাসাইনমেন্ট - ২০২২<br><br>নাম:<br>রোল নম্বর:<br><br>পরীক্ষার্থীর সই এবং তারিখ |